কালের কণ্ঠ

আপডেট : ১৩ নভেম্বর, ২০১৮ ২৩:২৫

রংপুর কারমাইকেল কলেজ

# মাস্টার্সের প্রবেশপত্র পেতে লাগছে ২০০ টাকা

মাস্টার্সের প্রবেশপত্র পেতে লাগছে ২০০ টাকা

রংপুর কারমাইকেল কলেজে মাস্টার্স শেষ পর্বের ফাইনাল পরীক্ষার প্রবেশপত্র দেওয়ার সময় অনুষ্ঠানের নাম ভাঙিয়ে শিক্ষার্থীদের কাছ থেকে ২০০ টাকা করে নেওয়া হচ্ছে। এতে শিক্ষার্থীদের মধ্যে ক্ষোভ দেখা দিয়েছে। তবে কলেজ কর্তৃপক্ষ বলছে, প্রবেশপত্র নয়, টাকা নেওয়া হচ্ছে বিদায় অনুষ্ঠানের জন্য। গত সোমবার সকালে কলেজ ক্যাম্পাসে শিক্ষার্থীরা এসব অভিযোগ তুলে ধরেন।

কলেজের শিক্ষার্থীরা নাম প্রকাশ না করার শর্তে অভিযোগ করেন, পরীক্ষার প্রবেশপত্র নেওয়ার সময় তাঁদের কাছ থেকে ২০০ টাকা করে নেওয়া হচ্ছে। ওই টাকার কোনো হিসাব নেই।

কারমাইকেল কলেজ জাতীয় ছাত্রসমাজের সাধারণ সম্পাদক আরিফ হোসেন বলেন, ডিপার্টমেন্টের কেউ ওই টাকা নিচ্ছে না। শিক্ষার্থীদের বিদায় অনুষ্ঠানের জন্য একটি কমিটি গঠন করা হয়েছে। তারাই ওই টাকা নিচ্ছে।

কলেজের অধ্যক্ষ শেখ আনোয়ার হোসেন বলেন, প্রবেশপত্র বিতরণের সময় কোনো টাকা নেওয়া হচ্ছে না। তবে শুনেছি অনুষ্ঠান করার জন্য শিক্ষার্থীদের কাছ থেকে কিছু টাকা নেওয়া হচ্ছে।

Print

সম্পাদক : ইমদাদুল হক মিলন,
নির্বাহী সম্পাদক : মোস্তফা কামাল,
ইস্ট ওয়েস্ট মিডিয়া গ্রুপ লিমিটেডের পক্ষে ময়নাল হোসেন চৌধুরী কর্তৃক প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা, বারিধারা থেকে প্রকাশিত এবং প্লট-সি/৫২, ব্লক-কে, বসুন্ধরা, খিলক্ষেত, বাড্ডা, ঢাকা-১২২৯ থেকে মুদ্রিত।
বার্তা ও সম্পাদকীয় বিভাগ : বসুন্ধরা আবাসিক এলাকা, প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বারিধারা, ঢাকা-১২২৯। পিএবিএক্স : ০২৮৪০২৩৭২-৭৫, ফ্যাক্স : ৮৪০২৩৬৮-৯, বিজ্ঞাপন ফোন : ৮১৫৮০১২, ৮৪০২০৪৮, বিজ্ঞাপন ফ্যাক্স : ৮১৫৮৮৬২, ৮৪০২০৪৭। E-mail : info@kalerkantho.com